

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ
জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ৫৯.১১.৩০০০.০০১.০৬.২৩.২৪.২০৬

তারিখ ০৭/০২/২০২৪ খ্রিঃ

নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : মোঃ মাহবুব আলম
পরিচালক (যুগ্মসচিব)
পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।
সভার তারিখ : ২৮/০১/২০২৪ খ্রিঃ। সময় : ২.০০ ঘটিকা
স্থান : ঢাকা বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট “ক” (স্বাক্ষর ক্রমানুসারে)

সভাপতি নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলতগত উদ্দেশ্য এর অংশ হিসেবে সূচক ১.১ নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকাকে অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচীতে অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.ম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	নৈতিকতা কমিটির সভা আয়োজন	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের এ সভাটি ৩য় ত্রৈমাসিকের সভা হিসেবে অনুষ্ঠিত হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়।	প্রতি ত্রৈমাসিকের ১ম মাসেই নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজনে সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সদস্য সচিব
২	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।	নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল জেলার ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সকল সদস্য গন
৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা।	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stoke Holder) অংশগ্রহণে বিভাগীয় কার্যালয়ে ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। চলতি ত্রৈমাসিকে ১টি সভা নির্ধারিত সময়ে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stoke Holder) অংশগ্রহণে সভা কর্তৃক আয়োজন সম্পন্ন পূর্বক সভার নোটিশ, হাজিরা ও অংশীজনের মতামতসহ রেকর্ড নোটস আগামী মার্চ/২৪ খ্রিঃ তারিখের মধ্যে পরিচালক, পরিবার পরিকল্পনা ঢাকা বিভাগ, ঢাকা বরাবর করতে হবে।	বিভাগীয় কার্যালয়
৪	প্রশিক্ষণ	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মত বিনিময় সভার আলোচনা করা হয়	নির্ধারিত সময়ের মধ্যে বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মত বিনিময় সভার আয়োজন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় কার্যালয়
৫	কর্ম পরিবেশ উন্নয়ন	কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি সহ মহিলা সহকর্মীদের পৃথক ওয়াশরুম করার বিষয়ে আলোচনা করা হয়।	উন্নত কর্ম-পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে এ ত্রৈমাসিকে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি ও মহিলা সহকর্মীদের পৃথক ওয়াশরুম	বিভাগীয় কার্যালয়

			নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৬	মাঠ পর্যায়ে কর্মকর্তা কর্মস্থলে উপস্থিতি মনিটরিং	ডিজিটাল মনিটরিং ব্যবস্থার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি নিয়মিত মনিটরিং সংক্রান্ত আলোচনা করা হয়।	ডিজিটাল মনিটরিং ব্যবস্থার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি ভিত্তিতে কার্যকরভাবে যাচাই করে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গ্রহীত হয়।	বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়
৭	বিবিধ	বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন সকল জেলায় রক্ষিত মেয়াদ উত্তীর্ণ মালামাল বিষয়ে আলোচনা করা হয়।	বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন সকল জেলায় রক্ষিত মেয়াদ উত্তীর্ণ মালামালের হালনাগাদের তালিকা পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ ঢাকা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। বিষয়ে আলোচনা করা হয়।	সংশ্লিষ্ট সকল উপপরিচালক গন

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে কাজের প্রতি দায়িত্বশীল হওয়ার আহবান ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মাহবুব আলম)

পরিচালক (যুগ্মসচিব)

পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।

ই-মেইল : dfpdhaka01@gmail.com


ফোন : ০২-৫৫১৫৫১১৯

স্মারক নং- ৫৯.১১.৩০০০.০০১.০৬.২৩.২৪. ২০৬/১(৫)

তারিখ : ০৭/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে-

- ০১। পরিচালক (প্রশাসন) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার ঢাকা।
- ০২। উপপরিচালক (পরিবার পরিকল্পনা)----- সকল জেলা।
- ০৩। অফিস কপি।



(মোঃ কুদ্দুস উদ্দিন চৌধুরী)

সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)

পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।

ফোন : ০২-৫৫১৫৫১১৯